

চিকুনগুনিয়া আপডেট

ইস্যু নং-১২, তারিখ: ১৪ জুলাই ২০১৭

চিকুনগুনিয়া জ্বরে ল্যাবরেটরি পরীক্ষার দরকার আছে কি না!

- চিকুনগুনিয়া চিকিৎসায় ডায়াগনস্টিক পরীক্ষা করে চিকুনগুনিয়া নিশ্চিত হলেও চিকিৎসা অন্যান্য জ্বরের মতই। পরীক্ষার জন্য চিকিৎসা শুরু করতে দেয়ী করা, এর জন্য উদ্দিগ্নতা ও অর্থের অপচয় করার প্রয়োজন নেই। ডায়াগনস্টিক পরীক্ষার প্রয়োজন হলে আপনার চিকিৎসকই পরামর্শ দেবেন।
- ইদানিং অভিযোগ পাওয়া যাচ্ছে যে, জ্বর শুরু হবার ৭ দিনের মধ্যেই এন্টি চিকুনগুনিয়া টেস্টের নামে এন্টিবডি টেস্ট করা হচ্ছে। এই সময়ের মধ্যে এ ধরনের টেস্টে চিকুনগুনিয়া ধরা পড়ে না। কিন্তু খরচ অনেক বেশী। অন্ততঃ এক সপ্তাহ পরে এ টেস্ট সঠিক ফলাফল দিতে পারে। তবে যে পদ্ধতি এন্টিবডি পরীক্ষা করা হয় ততদিনে অধিকাংশ রোগীর জ্বর সেয়ে যায়। চিকুনগুনিয়ার নিশ্চিতকরণ টেস্ট হচ্ছে আরটি-পিসিআর টেস্ট যা চিকুনগুনিয়ার লক্ষণ দেখা দেবার ৫ দিনের মধ্যে করা যায়। এ টেস্ট একমাত্র সরকারী প্রতিষ্ঠান আইইডিসিআর-এ বিনামূল্যে করা হয়।



চিত্রে বিভিন্ন সরকারী হাসপাতালে হেল্প ডেস্ক

চিকুনগুনিয়ার হাতুড়ে চিকিৎসা হতে সাবধান!

চিকুনগুনিয়ার চিকিৎসার নামে দেশের কোন কোন ঔষধের দোকানদার ও সার্টিফিকেটবিহীন ডাক্তার নামধারী ব্যক্তি চিকুনগুনিয়া রোগীদের কাছে শক্তিশালী এন্টিবায়োটিক ও স্টেরয়েড বিক্রী করছে। অথচ চিকুনগুনিয়া রোগে এ দুটো ঔষধ ব্যবহার ক্ষতি করতে পারে। চিকুনগুনিয়ার সাথে অন্য কোন জটিল রোগ থাকলে বা অন্য শারিরীক সমস্যা থাকলে কেবলমাত্র বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শে ঐ সব ঔষধ খাওয়া যেতে পারে। কাজে ঔষধ সেবন করতে সাবধান হোন। আপনার নিকটবর্তী সরকারী হাসপাতালের হেল্প ডেস্ক এ আপনি চিকুনগুনিয়া রোগের সেবা নিতে পারেন।



এডিস মশা কি শুধু শহরের অভিজাত এলাকাতে?

চিকুনগুনিয়া মানুষে ছড়ায় এডিস মশার মাধ্যমে। এডিস ইজিপ্ট মশা শহরাঞ্চলে পাকা দালান কোঠায় জন্মায় ও থাকে কিন্তু এডিস এলবোপিটাস মশা গ্রামে ও অপরিষ্কার পানিতেও জন্মায় এবং থাকে। ডেঙ্গু জ্বর প্রধানতঃ শহরের পাকা দালান-রাস্তার এলাকায় দেখা যায়। কিন্তু চিকুনগুনিয়া এডিসের দু প্রকার মশা দ্বারা বাহিত হবার কারণে শহর-গ্রাম, পাকা বাড়ী, কাঁচা বাড়ী, অভিজাত-বস্তি সব এলাকাতেই দেখা যাচ্ছে। জরীপেও ঢাকা মহানগরীর প্রায় সব ক'টি এলাকাতে এডিস মশার বৃদ্ধিপূর্ণ আধিক্য দেখা গেছে। মশা নিয়ন্ত্রণ অভিযান সব এলাকাতেই চালাতে হবে। সকল শ্রেণীর, সকল বয়সের মানুষকে তাদের বাড়ী ও কর্মক্ষেত্র এবং আশে পাশের পরিবেশকে পরিচ্ছন্ন রাখতে সচেতন করতে হবে।



উপজেলায় হেল্প ডেস্ক

জ্বর মাত্রই চিকুনগুনিয়া নয় এবং
চিকুনগুনিয়া কোন মারাত্মক রোগ নয়।

হটলাইন ও আপডেট

আজ ১৪ই জুলাই বিকেল ৫টা পর্যন্ত ১২৮ জন হটলাইন থেকে এবং একজন জন ব্যক্তি সরাসরি উপস্থিত হয়ে বিভিন্ন তথ্য জানতে চান। তারা বেশীরভাগ ঢাকা থেকে এবং এছাড়া পিরোজপুর, পটুয়াখালি, রংপুর, বরিসাল, সিলেট, মাদারিপুর, ছট্টগ্রাম জেলা থেকে যোগাযোগ করেন। ১৩ জুলাই ২০১৭ বিকেল ৫টা পর্যন্ত আইইডিসিআর ল্যাবরেটরীতে নিশ্চিত চিকুনগুনিয়া রোগীর সংখ্যা ৬৮০।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইন নাম্বার ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন। এছাড়াও স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে ২৪ ঘন্টা তথ্য পাবেন।